গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় ও সংস্কার অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডিসেম্বর ২০২৩ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন *এনডিসি*<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ | : | ১৩ ডিসেম্বর ২০২৩ (২৮ অগ্রহায়ণ ১৪৩০) |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ (ব্লক-এ) |
| উপস্থিতি | : | সংযোজনী- "ক"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে সমন্বয় ও সংস্কার অধিশাখার উপসচিব সালমা পারভীন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **নভেম্বর ২০২৩ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ:**<br>নভেম্বর ২০২৩ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। সভায় প্রেরিত কার্যবিবরণীর বিষয়ে কারো কোন মতামত/সংশোধন আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগের ০২ নং সিদ্ধান্ত এবং ওয়েবসাইট হালনাগদকরণের বিষয়ে সিদ্ধান্তের আংশিক পরিবর্তন নিয়ে আলোচনা করা হয়। | নভেম্বর ২০২৩ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণীতে উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগের ০২ নং সিদ্ধান্ত এবং ওয়েবসাইট হালনাগদকরণ বিষয়ে সিদ্ধান্তের নিম্নরূপভাবে সংশোধন করে তা চূড়ান্ত অনুমোদন ও দৃঢ়ীকরণ (Confirmed) করা হয়।<br><br>**উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ:**<br>প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে।<br><br>**ওয়েবসাইট হালনাগাদকরণ:**<br>NSDS এর অলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট হালনাদগকরণের নিমিত্ত যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি)-এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করতে হবে। | সকল কর্মকর্তা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ২. | **ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা:**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ৪ (চার)টি উইংয়ের ত্রৈমাসিক কর্মপরিকল্পনা যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি), যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) এবং যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) কর্তৃক উপস্থাপিত হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন এবং সভাপতি মহোদয় প্রয়োজনীয় নির্দেশনাসহ নির্দিষ্ট সময়ে দক্ষতার সাথে কার্যক্রম সম্পন্ন করাসহ সিদ্ধান্ত গ্রহণের পক্ষে মতামত প্রদান করেন। | **প্রশাসন অনুবিভাগ:**<br><br>(১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের NSDS অনুযায়ী বিবিএস-এর অর্গানোগ্রাম হালনাগাদকরণের নিমিত্ত Consultant নিয়োগের জন্য ToR প্রস্তুত করে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে NSDS এর প্রকল্প পরিচালকের নিকট প্রেরণপূর্বক সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে অবহিত করতে হবে। একই সাথে Consultant নিয়োগের বিষয়টি দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(২) বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ট্রেনিং অ্যান্ড রিসার্চ একাডেমি (BSTRA)-এর সাংগঠনিক কাঠামো গঠন ও কার্যাবলী সংক্রান্ত ২২/১১/২০২৩ তারিখের পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত BSTRA-এর অর্গানোগ্রামের প্রয়োজনীয় পরিবর্তনপূর্বক পুনরায় সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর নিকট উপস্থাপন করতে হবে।<br><br>(৩) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদসমূহ কর্মপরিকল্পনা মোতাবেক কর্মচারী নিয়োগের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে।<br><br>(৪) ৪০তম বিসিএস থেকে সুপারিশকৃত ১০ জন পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) এর যোগদান সংক্রান্ত সকল কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন) |
| | | **বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি অনুবিভাগ:**<br><br>(১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ২০২৪ এর জানুয়ারি মাসে সভা আয়োজন করতে হবে। | মহাপরিচালক<br>বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি) |
| | | **তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ:**<br><br>(১) BGISP-এর বর্তমান অবস্থা এবং করনীয় বিষয়ে নিয়ে দ্রুত একটি সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) |

| | | | |
|---|---|---|---|
| | | **উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ:**<br><br>(১) স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম শীর্ষক প্রকল্পের ২০২২ এর রিপোর্ট দ্রুততম সময়ে প্রকাশ করতে হবে।<br><br>(২) শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন শীর্ষক প্রকল্পের শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ৪র্থ কোয়ার্টারের Quarterly Estimates ২০২৪ এর জানুয়ারি মাসের মধ্যে প্রকাশ করতে হবে। | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৩. | **Sustainable Development Goals (SDG):**<br><br>এসডিজির ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক আলোচনা। | NDCC-এর ২০তম সভায় বিশেষ অতিথি হিসেবে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (GED) এর সদস্য-কে আমন্ত্রণ জানাতে হবে। | উপসচিব,<br>এসডিজি সেল |
| ৪. | **Integrated Annual Performance Agreement (IAPA):**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ২০২৩-২৪ বিষয়ে আলোচনা। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ২০২৩-২৪ এর সূচকসমূহ অর্জনের নিমিত্ত সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। | উপসচিব<br>সমন্বয় ও সংস্কার অধিশাখা |
| ৫ | **ওয়েবসাইট হালনাগাদকরণ:**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ক আলোচনা। | ট্রেনিং ম্যাটেরিয়্যালসমূহ এ বিভাগের ওয়েবসাইটে বিষয়ভিত্তিক ক্যাটাগরি অনুযায়ী সংরক্ষণ এবং ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ক সভা আয়োজন করতে হবে। | মহাপরিচালক<br>বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি) |
| ৬. | **ডিজিটাল হাজিরা:**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল হাজিরার তালিকা উপস্থাপন করা হয়। | *সচিবালয় নির্দেশমালা ২০১৪* অনুযায়ী অফিসে আগমন ও প্রস্থানের প্রাক্কালে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণকে আবশ্যিকভাবে ডিজিটাল হাজিরার কাজ সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন),<br><br>সিস্টেম অ্যানালিস্ট,<br><br>সকল কর্মকর্তা/কর্মচারী<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৭. | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন:**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল অধিশাখা/শাখার আওতাভুক্ত যাবতীয় কার্যক্রম ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা এবং হার্ড ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা কমিয়ে আনা। | ই-নথির কার্যক্রমসহ হার্ডফাইলে নোট নিষ্পত্তির তথ্য প্রোগ্রামার (আইসিটি) কর্তৃক সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে সমন্বয় ও সংস্কার অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন),<br>সকল অধিশাখা/শাখা/ সেল-এর কর্মকর্তা<br>এবং<br>প্রোগ্রামার (আইসিটি)<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

✓

| | | | |
|---|---|---|---|
| ৮. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অধিশাখা/ শাখা পরিদর্শন:**<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা/সেলের কর্মকর্তাদের শাখা পরিদর্শন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা/সেল-এর কর্মকর্তাদের আবশ্যিকভাবে *সচিবালয় নির্দেশমালা ২০১৪* অনুযায়ী শাখা পরিদর্শন করতে হবে। উল্লেখ্য, পরিদর্শন প্রতিবেদনে শাখা/অধিশাখা/সেলে প্রাপ্ত মালামালের বিবরণ থাকতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/ তথ্য ব্যবস্থাপনা)<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৯. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনিষ্পন্ন তালিকা:**<br><br>নভেম্বর ২০২৩ মাসে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল অধিশাখা/শাখায় প্রাপ্ত পত্রের সংখ্যা মোট ৮০১টি; নিষ্পত্তি হয়েছে ৮০১টি। এছাড়া অধিশাখা/শাখা/সেলসমূহের আওতাভুক্ত মাসিক অনিষ্পন্ন কার্যক্রমের তালিকা সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে এ বিভাগের সমন্বয় ও সংস্কার শাখায় প্রেরণ বিষয়ক আলোচনা। | প্রত্যেক অধিশাখা/শাখা/সেল-এ প্রাপ্ত পত্রসমূহ এবং সংশ্লিষ্ট অধিশাখা/শাখা/সেলসমূহের আওতাভুক্ত মাসিক অনিষ্পন্ন কার্যক্রমের তালিকা দুই ভাগে অর্থাৎ এ বিভাগের নিজস্ব অনিষ্পন্ন নথিপত্র এবং বিবিএস-এর নিকট এ বিভাগ হতে প্রেরিত অনিষ্পন্ন পত্রের চাহিত তথ্যের বিবরণ সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে আবশ্যিকভাবে এ বিভাগের সমন্বয় ও সংস্কার অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল অধিশাখা/শাখা/সেল-এর কর্মকর্তা<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

০৮.১২.০২৬

ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ